# বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী ২০২২-২০২৩

তারিখ: ৩০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ
সময়: সকাল ১১:০০ টা
স্থান: মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

**সভাপতি: জনাব মোঃ শাহজাহান, মহাপরিচালক, বার্ড।**

**উপস্থিত সদস্যবৃন্দ:**

১। জনাব মিলন কান্তি ভট্টাচার্য, পরিচালক (প্রশাসন), বার্ড;
২। জনাব রঞ্জন কুমার গুহ, পরিচালক (পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন), বার্ড;
৩। জনাব আবদুল্লাহ আল হুসাইন, যুগ্ম-পরিচালক গবেষণা), বার্ড;
৪। জনাব আবু তালেব, যুগ্ম-পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড;
৫। জনাব জোনায়েদ রহিম, উপ-পরিচালক (পল্লী প্রশাসন), বার্ড;
৬। জনাব কাজী ফয়েজ আহমেদ, সহকারী পরিচালক (গবেষণা), বার্ড।
৭। জনাব ফারুক হোসেন, সহকারী পরিচালক (ক্রীড়া), বার্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী একাডেমির নৈতিকতা কমিটির ২য় সভা ৩০/১০/২০২২ খ্রিঃ সকাল ১১:০০ টায় মহাপরিচালক, বার্ড মহোদয়ের সভপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। মহাপরিচালক, বার্ড এবং নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী পঠন শেষে কমিটির সকল সদস্যদের সম্মতিতে তা অনুমোদন করেন। একই সাথে মহাপরিচালক মহোদয় পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। এ পর্যায়ে কমিটির সদস্য-সচিব জনাব জোনায়েদ রহিম ২০২২-২০২৩ এর কর্মপরিকল্পনার প্রযোজ্য কার্যক্রম অনুযায়ী আলোচনার বিষয়সমূহ উপস্থাপন করেন। বিশদ আলোচনা এবং সম্মানিত সদস্যদের মতামতের প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

**(১) বার্ডের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কতিপয় কার্যক্রম সংশোধনঃ**
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পরামর্শক্রমে বার্ডের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকের ৩.২-৩.৪ এর কার্যক্রমসমূহ নিম্নোক্তভাবে সংশোধন করা হয়।

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | প্রমাণক |
|---|---|---|---|---|---|---|
| ৩.২ কর্মকর্তা-কর্মচারিদের ইলেকট্রনিক হাজিরা ব্যবস্থা চালু করণ এবং অব্যাহত রাখা | হাজিরা ব্যবস্থা চালু | ৫ | তারিখ ও প্রতিবেদন | পরিচালক (প্রশাসন) | ৩০/০৬/২০২৩ | ইলেকট্রনিক হাজিরার মাসভিত্তিক প্রতিবেদন |
| ৩.৩ একাডেমির হোস্টেলে সেবাগ্রহিতাদের কাছ থেকে প্রাপ্ত নগদ অর্থ সপ্তাহান্তে (প্রতি বৃহস্পতিবার) ব্যাংকের নির্দিষ্ট হিসাবে জমা প্রদানের মাধ্যমে হস্তমজুদ রোধ করণ। | ব্যাংক জমা | ৫ | সাপ্তাহিক প্রতিবেদন | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) | ৩১/১২/২০২২ | অর্থ গ্রহণের রশিদ এবং ব্যাংক জমার রশিদসহ সাপ্তাহিক প্রতিবেদন |
| ৩.৪ বার্ডের রাজস্ব অর্থে পরিচালিত প্রকল্পসমূহের ঋণ ও উপকরণ বিতরণ ব্যবস্থা প্রকল্প বিভাগের মাধ্যমে যথাযথ মনিটরিং | মনিটরিং জোরদার | ৫ | প্রতিবেদন | পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রকল্প) | ৩১/১২/২০২২ | ঋণ ও উপকরণ বিতরণ বিষয়ক প্রকল্প বহির্ভুত কোনো কর্মকর্তা কর্তৃক স্বতন্ত্র প্রতিবেদন |

**(১) বার্ডের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নির্ধারিত কার্যক্রমের উপর আলোচনাঃ**

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ১.৩। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ২য় কোয়ার্টারের অংশীজনের সভা নভেম্বর ২০২২ সময়ে আয়োজন করতে হবে। এতে একাডেমির ৯টি বিভাগের পরিচালকগণ, আমন্ত্রিত অংশীজন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার ও উদ্ভাবনী কার্যক্রম এর সাথে সংশ্লিষ্ট অনুষদ সদস্যগণ অংশগ্রহণ করবেন। বিশেষ করে এ সভায় একাডেমির পেনশনভোগী কর্মকর্তা-কর্মচারিদের অংশগ্রহণের জন্য অনুরোধ করা হবে। | নৈতিকতা কমিটি |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | সকল শাখা/বিভাগ এবং প্রকল্পসমূহ তাঁদের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কতটুকু বাস্তবায়ন করেছে তা জানতে চেয়ে প্রশাসন ও প্রকল্প বিভাগ অতি দ্রুত সংশ্লিষ্টদের চিঠি দিবে। | প্রশাসন/প্রকল্প বিভাগ |

**(২) অন্যান্য আলোচনা ও সিদ্ধান্তঃ**

(ক) একাডেমির সকল পরিচালকগণদেরকে তাঁদের অধিনস্ত সকলের সময়মত/নিয়মিত অফিসে উপস্থিতি নিশ্চিত করতে পরিচলক প্রশাসন একটি অফিস আদেশ জারি করবেন।

অতঃপর আর কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(জোনায়েদ রহিম)
উপ-পরিচালক (পল্লী প্রশাসন) এবং
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

(মোঃ শাহজাহান)
মহাপরিচালক, বার্ড এবং
সভাপতি, নৈতিকতা কমিটি

**বিতরণ**

১. পরিচালক (সকল), বার্ড;
২. কমিটির সকল সদস্য, বার্ড;
৩. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ;
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী—মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৫. অফিস কপি।